

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.০২২.০০৩.১৫. ২২০৫ (৬৪)

তারিখ: ১৬ অগ্রহায়ণ, ১৪২৬।
২৮ নভেম্বর, ২০১৯।

বিষয়ঃ প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৯ এর পুনঃনিরীক্ষার সংক্রান্ত নির্দেশনা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৯ এর নির্দেশাবলিতে প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার পুনঃনিরীক্ষার ফি আদায়ের বিষয়ে নিম্নরূপ নির্দেশনা রয়েছেঃ

- ২৭.১.১ প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৭ এর উত্তরপত্র পুনঃনিরীক্ষা সংক্রান্ত টেলিটক বাংলাদেশ লিমিটেড এর সাথে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের চুক্তির ভিত্তিতে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর মাধ্যমে পুনঃনিরীক্ষার আবেদন করতে হবে।
- ২৭.১.২ প্রতি বিষয়ে উত্তরপত্র পুনঃনিরীক্ষার আবেদনের জন্য ফি নির্ধারণ করা হয়েছে ১৮০/- (একশত আশি) টাকা যা মোবাইল এসএমএস এর মাধ্যমে কর্তন করা হবে। এক্ষেত্রে মোবাইল অপারেটর সার্ভিস চার্জ বাবদ ১০% হারে ১৮ টাকা উক্ত টাকা হতে কর্তন করে নেবে।
- ২৭.১.৩ উত্তরপত্র পুনঃনিরীক্ষার জন্য প্রতি বিষয়ে ফি বাবদ কর্তনকৃত ১৮০/- (একশত আশি) টাকা হতে টেলিটক বাংলাদেশ লিমিটেড ১৮/- (আঠারো) টাকা প্রাপ্য হবে এবং অবশিষ্ট ১৬২/- (একশত বাষট্টি) টাকা সরকারি কোষাগারে জমা হবে।
- ২৭.১.৪ পুনঃনিরীক্ষার জন্য অভিভাবকগণ ১ জানুয়ারি হতে ১৫ জানুয়ারি তারিখ পর্যন্ত আবেদন করতে পারবেন।
- ২৭.১.৫ আবেদনের সর্বশেষ তারিখ হতে পরবর্তী ২০ দিনের মধ্যে ফিরতি এসএমএস এর মাধ্যমে পুনঃনিরীক্ষার ফলাফল অভিভাবকগণ জানতে পারবেন।
- ২৭.২ জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সভাপতিত্বে পিটিআই ইন্সট্রাক্টর (সুপার কর্তৃক মনোনীত) ও সংশ্লিষ্ট বিষয়ের প্রধান পরীক্ষক-এর সমন্বয়ে গঠিত কমিটি উত্তরপত্র পুনঃনিরীক্ষা করবে;
- ২৭.৩ উত্তরপত্র পুনঃ নিরীক্ষা করা যাবে, তবে উত্তরপত্র মূল্যায়ন/পুনঃমূল্যায়ন করা যাবে না;
- ২৭.৪ পুনঃ নিরীক্ষার ফলাফল আবেদনকারীকে যথাসময়ে অবহিত করতে হবে;
- ২৭.৫ উত্তরপত্র পুনঃ নিরীক্ষার পর সংশোধনী উপজেলা ও অধিদপ্তরে বাহক মারফত প্রেরণ করতে হবে;
- ২৭.৬ অধিদপ্তর কর্তৃক প্রণীত বাজেট বিভাজন অনুযায়ী বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে;
- ২৭.৭ ব্যয় বিবরণী অধিদপ্তরে প্রেরণ করতে হবে;
- ২৭.৮ ১৫ জানুয়ারির পর পুনঃনিরীক্ষার আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে নির্দেশাবলি অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ আতাউল রহমান
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)
ফোনঃ ০২-৫৫০৭৪৯১৭

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

.....জেলা

(উপজেলা/থানা শিক্ষা অফিসারকে অবহিত করার অনুরোধসহ)।

অনুলিপি অবগতি ও যথার্থ কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক (সকল).....।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ.দা.), আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা,..... বিভাগ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল).....।
- ৬। উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা (সকল).....।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী।
- ৮। অফিস কপি।